১২৩

তারিখ 02 AUG 1997
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক ইত্তেফাক

ঢাকা বিশ্ববিদ্যালয়

# এই সমঝোতা যেন ক্ষণস্থায়ী না হয়

**আনোয়ার আলদীন** ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ে সূর্যসেন হলে ছাত্রলীগ ও ছাত্রদলের নেতা-কর্মীদের মধ্যে সহাবস্থানের যে অনুপম নজীর স্থাপিত হইয়াছে, উহা স্থায়ী হইবে

(২য় পৃ: ৫-এর ক: দ্র:)

## ঢাকা বিশ্ববিদ্যালয়

(১ম পৃ: পর)

বলিয়াই সকলে আশা করিতেছেন। নিত্য বিবদমান বৃহৎ এই দুইটি ছাত্র সংগঠনের মধ্যে ইতিপূর্বে কয়েকদফা সমঝোতা চুক্তি হইলেও উহা প্রতিবারই ব্যর্থ হইয়া সংঘাতে গড়াইয়াছে। কোন সমঝোতা স্থায়ী হয় নাই। দেখা গিয়াছে, এই দুই সংগঠনের সমঝোতা ও মিষ্টি খাওয়ার পর ছাত্র নেতাদের গলাগলি শেষ হইতে না হইতেই দলীয় 'ক্যাডার' কর্মীরা সশস্ত্র সংঘাতে লিপ্ত হইয়াছে।

কিন্তু গত মঙ্গলবারের এই সমঝোতার স্থায়িত্ব নিয়া বিশ্ববিদ্যালয়ের ভিসি, ছাত্রদল ও ছাত্রলীগের নেতারা দারুণভাবে আশাবাদী। এই সমঝোতা বাস্তবায়নের ব্যাপারে ছাত্রলীগ এবং ছাত্রদলের কেন্দ্রীয় নেতারা অনেকে নমনীয় মনোভাব প্রদর্শন করিতেছেন। তবে ছাত্রদলের 'টিটু' গ্রুপের নেতা-কর্মীরা সূর্যসেন হলে না উঠায় হলে স্থায়ী শান্তি প্রতিষ্ঠার ব্যাপারে সংশয় থাকিয়া গিয়াছে। 'টিটু' গ্রুপ গত বৃহস্পতিবার ভোরে সূর্যসেন হল দখল করিয়া 'বশির-ফিরোজ' গ্রুপের নেতা-কর্মীদের হল ত্যাগে বাধ্য করে। পরে অবশ্য ছাত্রদলের এই দুই গ্রুপের দখল-পাল্টা দখলের দোলাচলে ছাত্রলীগ হলটি দখল করিয়া নিয়াছিল। সমঝোতা চুক্তি পুরাপুরি বাস্তবায়ন হইলে ক্যাম্পাসে একটি ইতিবাচক ছাত্র-রাজনীতি শুরু হইতে পারে বলিয়া অভিজ্ঞ মহল মনে করেন।

এই ব্যাপারে ভিসি প্রফেসর এ,কে আজাদ চৌধুরী বলেন, ছাত্রলীগ ও ছাত্রদলের নেতারা যদি আন্তরিক হয় তবে অতীতের ন্যায় এই সমঝোতা ক্ষণস্থায়ী হইবে না। ভিসি বলেন, আগামী ১০ই আগষ্ট হইতে চুক্তি মোতাবেক আমরা অন্য আবাসিক হলগুলিতেও পর্যায়ক্রমে হলবিতাড়িত ছাত্রদের পুনর্বাসিত করার ব্যবস্থা করিব। সূর্যসেন হলের প্রভোষ্ট ডঃ ইউসুফ হায়দার বলেন, ছাত্রলীগ ও ছাত্রদলকে সহাবস্থান স্থায়ী করার জন্য চরম সহনশীলতা প্রদর্শন করিতে হইবে। তিনি বলেন, ইতিপূর্বে বিশ্ববিদ্যালয়ে এই ধরনের সহাবস্থানের নজীর দেখা যায় নাই। আমরা খুবই আশাবাদী।

ছাত্রলীগের সভাপতি এনামুল হক শামীম বলেন, সমঝোতা চুক্তি বাস্তবায়নে আমরা আন্তরিকতা প্রদর্শন করিতেছি। জাতির জনকের কন্যা শেখ হাসিনার সরকার প্রতিহিংসাপরায়ণ নয়। বিএনপি সরকারের পাঁচ বছরে ছাত্রলীগ নেতা-কর্মীদের ক্যাম্পাসে কোণঠাসা করিয়া রাখা হইয়াছিল। শামীম বলেন, সকল হল হইতে ঐ সময়ে আমাদের বিতাড়িত হইয়া একমাত্র জগন্নাথ হলে থাকিতে হইয়াছে। আমরা প্রতিহিংসাপরায়ণতার বশবর্তী হইয়া কিছু করি নাই। শামীম বলেন, ছাত্রলীগ হল দখলের রাজনীতিতে বিশ্বাস করে না। ছাত্রদের স্বতঃস্ফূর্ত আহ্বানে আমরা সূর্যসেন হলে গিয়াছি।

ছাত্রদলের সভাপতি শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি বলেন, সরকার যদি আন্তরিক হয় তবে সমঝোতা ও সহাবস্থান ক্ষণভঙ্গুর হইবে না। আমরা এ ব্যাপারে পুরাপুরি আন্তরিক। তিনি বলেন, এখন সহাবস্থান ভাঙ্গিয়া যাওয়ার কোন আলামত দেখিতেছি না।

সূর্যসেন হলে 'নিয়ন্ত্রণ' প্রতিষ্ঠায় নেতৃত্বদানকারী ছাত্রলীগ নেতা শামীম আহম্মদ বলেন, হলে সহাবস্থানের ব্যাপারে আমরা চূড়ান্ত সহনশীলতা প্রদর্শন করিয়া যাইব। তবে ছাত্রদল যদি পরিবেশ বিনষ্ট করে সেক্ষেত্রে আমরা বসিয়া থাকিব না।